# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাত (তাহজ্জুদ) - এর আযান।

## باب مَا جَاءَ فِي الأَذَانِ بِاللَّيْلِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ بِلاَلاً يُؤَذِّنُ بِلَيْلٍ فَكُلُوا وَاشْرَبُوا حَتَّى تَسْمَعُوا تَأْذِينَ ابْنِ أُمِّ مَكْتُومٍ " . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَعَائِشَةَ وَأُنَيْسَةَ وَأَنَسٍ وَأَبِي ذَرٍّ وَسَمُرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الأَذَانِ بِاللَّيْلِ فَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِذَا أَذَّنَ الْمُؤَذِّنُ بِاللَّيْلِ أَجْزَأَهُ وَلاَ يُعِيدُ . وَهُوَ قَوْلُ مَالِكٍ وَابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِذَا أَذَّنَ بِلَيْلٍ أَعَادَ . وَبِهِ يَقُولُ سُفْيَانُ الثَّوْرِيُّ . وَرَوَى حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ أَنَّ بِلاَلاً أَذَّنَ بِلَيْلٍ فَأَمَرَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم أَنْ يُنَادِيَ " إِنَّ الْعَبْدَ نَامَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَيْرُ مَحْفُوظٍ . قَالَ عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ حَدِيثُ حَمَّادِ بْنِ سَلَمَةَ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم هُوَ غَيْرُ مَحْفُوظٍ وَأَخْطَأَ فِيهِ حَمَّادُ بْنُ سَلَمَةَ .

বাংলা

২০৩. কুতায়বা (রহঃ) ...... সালিম তদীয় পিতা ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন বিলাল রাতের আযান দেয়। সুতরাং তোমরা পানাহার কর যতক্ষণ না ইবনু উম্মু মাকতুমের আযান শুনতে পাও। - ইরওয়া ২১৯, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২০৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই বিষয়ে ইবনু মাসউদ, আয়িশা, উনায়সা, আনাস, আবূ যার ও সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবনু উমর রাদিয়াল্লাহু

আনহু বর্ণিত এই হাদিসটি হাসান ও সহীহ। রত্রিকালীন এই আযানের বিষয়ে আলিমগলেন মধ্যে মতভেদ রয়েছে। আলিমগণের কতক বলেন মুয়াজ্জীন যদি রত্রিতে আযান দিয়ে দেয় তবে আর ফজরের জন্য পুনর্বার আযান দিতে হবে না। এ হল ইমাম মালিক, ইবনু মুবারাক, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। আর কতক আমি বলেন রাত্রিতে আযান দিলে ফজরের জন্য পুনর্বার আযান দিতে হবে। এ হল সুফইয়ান ছাওরী এর অভিমত। হাম্মাদ ইবনু সালমা (রহঃ) ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, একবার বিলাল রাদিয়াল্লাহু আনহু রাত্রে আযান দিয়ে ফেলেছিলেন তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে এই কথা ঘোষনা দিতে নির্দেশ দিলেন যে, আল্লাহর বান্দা বিলাল ঘুমিয়ে পড়েছিল (তাই সময়টা ঠিক ধরতে পারেনি।

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই হাদিসটি মাহফুজ বা সংরক্ষেত নয়। সহীহ রিওয়ায়াত হল উবায়দুল্লাহ ইবনু উমর প্রমুখ নাফি ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত রিওয়ায়াতটি। এতে ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন বিলাল রতের আযান দেয়। তোমরা ইবনু উম্মু মাকতুমের আযান না শোনা পর্যন্ত পানাহার করতে থাক। নাফি (রহঃ) থেকে আবদুল আযীয ইবনু আবী রাওওয়াদ (রহঃ) বর্ণনা করেন যে, উমর রাদিয়াল্লাহু আনহু এর এক মুয়াজ্জীন রাত্রি থাকতেই আযান দিয়ে ফেলেছিল তখন তিনি তাকে পুনরায় (ফজরের জন্য) আযান দিতে নির্দেশ দিয়েছিলেন। এটি সহীহ নয়। কেননা, নাফি উমর রাদিয়াল্লাহু আনহু সূত্রটি মুনকাতি’। রাবী হাম্মাদ সালমা (রহঃ) হয়ত এই রিওয়ায়াতটির কথাই বলতে চেয়েছিলেন। আবদুল্লাহ ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত রিয়ায়াতটই হল সহীহ। তা হল নাফি ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু এবং যুহরী সালিম ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত এই হাদিসটি যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন বিলাল রাতের আযান দেয়।

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ হাম্মাদ (রহঃ) বর্ণিত হাদিসটি (২০৩-খ) যদি সহীহ হয় তবে এই হাদিসটির কোন অর্থ থাকেনা। কেননা এতে উল্লেখ আছে ان بلال يؤذن بليل এর يؤذن শব্দটি ভবিষ্যতকাল বাচক। এর মর্ম হল বিলাল ভবিষ্যতে আযান দিবে। সুতরাং ফজরের উদয়ের পূর্বে আযান প্রদানের কারনে পুনর্বার দেওয়ার নির্দেশ যদি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে দিয়ে থাকতেন তবে তিনি ভবিষ্যতকাল বাচক বাক্য ان بلال يؤذن بليل বলতেন না। আলী ইবনুল মাদীনী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন হাম্মাদ ইবনু সালমা আয়্যূব নাফি ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত রিওয়ায়াতটি মাহফূজ বা সংরক্ষেত নয়। এতে হাম্মাদ ইবনু সালামার তরফ থেকে ভুল সংঘটিত হয়েছ।

## English

Salim narrated from his father (Ibn Umar) that :
the Prophet said: "Indeed Bilal calls the Adhan in the night, so eat and drink until you hear the Adhan of Ibn Umm Maktum."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সালিম ইবনু ‘আবদুল্লাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17392

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন